

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৯২

১/ বিবিধ

আরবী

من أم هذا البيت من الكسب الحرام، شخص في غير طاعة الله، فإذا أهل ووضع رجله في الغرز أوالركاب وانبعثت به راحلته قال: لبيك اللهم لبيك، ناداه مناد من السماء: لا لبيك ولا سعديك، كسبك حرام، وزادك حرام، فارجع مأزورا غير مأجور، وأبشر بما يسوؤك، وإذا خرج الرجل حاجا بمال حلال، ووضع رجله في الركاب، وانبعثت به راحلته قال: لبيك اللهم لبيك، ناداه مناد من السماء: لبيك وسعديك، قد أجبتك، راحلتك حلال، وثيابك حلال، وزادك حلال، فارجع مأجورا غير مأزور، وأبشر بما يسرك

ضعیف جدا

رواه البزار في " مسنده " (رقم _ 1079) من طريق سليمان بن داود: حدثنا يحيى ابن أبي كثير عن أبي سلمة عن أبي هريرة به وقال

الضعف بين على أحاديث سليمان ولا يتابعه عليها أحد، وهو ليس بالقوي

وقال الهيثمي في " مجمع الزوائد " (3/210)

رواه البزار وفيه سليمان بن داود اليمامي وهو ضعيف

قلت: بل هو ضعيف جدا، قال الذهبي في " الميزان

قال ابن معين: ليس بشيء، وقال البخاري: منكر الحديث، وقد مر معنا أن البخاري

قال: من قلت فيه: منكر الحديث، فلا تحل رواية حديثه، وقال ابن حبان: ضعيف،

وقال آخر: متروك



وقال في " الضعفاء ": ضعفوه والحديث أورده المنذري في " الترغيب " (2/114) عن أبي هريرة بنحوه مع تقديم الحاج بالمال الحلال على الحاج بالمال الحرام، وقال

رواه الطبراني في (الأوسط) ، وأشار إلى ضعفه

قلت: وهو عنده (رقم _ 5361) من طريق اليمامي المذكور

বাংলা

১০৯২। যে ব্যক্তি হারাম উপার্জন দিয়ে এ ঘর যিয়ারাতের ইচ্ছা পোষণ করবে, সে আল্লাহ্ ছাড়া অন্য কিছুর আনুগত্যের উদ্দেশ্যে উঁচু হয়েছে। যখন সে উচ্চস্বরে তাকবীর বলবে এমতাবস্থায় যে, সে তার পা পাদানিতে রেখেছে এবং তাকে নিয়ে তার বাহন চলা শুরু করেছে আর সে বলছেঃ লাব্বায়কা আল্লাহুম্মা লাব্বায়কা। তখন আসমান হতে ঘোষণাকারী ঘোষণা করবেঃ লাকবায়কা নয় সাদায়কাও নয়। তোমার অর্জিত সম্পদ হারাম তোমার খাদ্য হারাম, তোমার বাহন হারাম। তুমি শুনাহ সহকারে ফিরে যাও সাওয়াব নিয়ে নয়। যা তোমার মন্দ পরিণতি করবে তার দ্বারা তুমি সংবাদ গ্রহণ কর। আর যখন কোন ব্যক্তি হালাল সম্পদ দিয়ে হাজ্জ করতে বের হবে। তার পাদানিতে পা রাখবে এবং তাকে সহ তার বাহন চলা শুরু করবে আর সে বলবেঃ লাব্বায়কা আল্লাহুম্মা লাব্বায়কা। তখন আসমান হতে ঘোষণাকারী ঘোষণা দিবে লাকায়কা ওয়া সাদায়ক। তোমার ডাকে সাড়া দিয়েছি। তোমার বাহন হালাল, তোমার পোষাক হালাল, তোমার খাদ্য হালাল। অতএব তুমি সাওয়াব নিয়ে ফিরে যাও গুনাহ নিয়ে নয় এবং তুমি সুসংবাদ গ্রহণ কর সেই বস্তুর দ্বারা যা তোমাকে খুশী করে।

হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি বায্যার তার "মুসনাদ' গ্রন্থে (নং ১০৭৯) সুলায়মান ইবনু দাউদ সূত্রে ইয়াহইয়া ইবনু আবী আসীর হতে, তিনি আবূ হানীইরাহ (রাঃ) হতে বর্ণনা করেছেন। অতঃপর বলেছেনঃ সুলায়মানের হাদীসের দুর্বলতা স্পষ্ট। কেউ তার হাদীসগুলোর মুতাবায়াত করেননি। তিনি শক্তিশালী নন।

হায়সামী "মাজমা'উয যাওয়ায়েদ" গ্রন্থে (৩/২১০) বলেনঃ হাদীসটি বাযযার বর্ণনা করেছেন। তাতে সুলায়মান ইবনু দাউদ ইয়ামামী রয়েছেন তিনি দুর্বল।

আমি (আলবানী) বলছিঃ বরং তিনি খুবই দুর্বল। হাফিয যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেনঃ ইবনু মাঈন বলেছেনঃ তিনি কিছুই না। ইমাম বুখারী বলেছেনঃ তিনি মুনকারুল হাদীস। পূর্বে আলোচিত হয়েছে ইমাম বুখারী বলেনঃ যার সম্পর্কে আমি মুনকারুল হাদীস' বলেছি তার থেকে হাদীস বর্ণনা করাই হালাল নয়। ইবনু হিব্বান বলেনঃ তিনি দুর্বল। অন্যরা বলেনঃ তিনি মাতরুক।

তিনি (যাহাবী) "আয-যুয়াফা" গ্রন্থে বলেনঃ তাকে মুহাদ্দিসগণ দুর্বল আখ্যা দিয়েছেন।



মুনযেরী হাদীসটি "আত-তারগীব" গ্রন্থে (২/১১৪) আবু হুরাইরাহ (রাঃ) হতে উল্লেখ করে দুর্বল হওয়ার দিকে ইঙ্গিত করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন